

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কিম (আরএসএস)

সমাজের সর্বস্তরের জনগণের, বিশেষ করিয়া মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও স্বল্প আয়ের পেশাজীবী এবং চাকুরীজীবী কর্তৃক মাসিক কিস্তিতে সাধ্যানুযায়ী সঞ্চয়ের মাধ্যমে তাহাদের ভবিষ্যতের আর্থিক নিশ্চয়তা ও কল্যানের লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত “রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কিম (আরএসএস)” নামে একটি নতুন স্কিম চালু করা হয়েছে।

১। স্কিমের রূপরেখা :

- (১) হিসাবের নাম : “রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কিম (আরএসএস)”
- (২) হিসাবের মেয়াদকাল : ৭(সাত) বৎসর।
- (৩) মাসিক জমার পরিমাণ : ৩০০, ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০ ও ৫০০০/- টাকা
- (৪) সুদহার : ৯% বার্ষিক চক্রবৃদ্ধি।

২। মেয়াদপূর্তির টাকা পরিশোধের পদ্ধতি :

হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তাহার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হইবে। প্রাপ্য টাকা ব্যাংকের প্রচলিত নিয়মে সুদ প্রদান এবং সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনপূর্বক প্রদান করিতে হইবে। সঞ্চয় স্কিমের মাসিক কিস্তির জমার পরিমাণ এবং সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন ব্যতীত সুদসহ মেয়াদান্তে যে পরিমাণ টাকায় দাড়ায় তা নিম্নে দেওয়া হইল :

মাসিক কিস্তির পরিমাণ	সাত বৎসর মেয়াদান্তে সুদসহ জমা টাকার পরিমাণ
৩০০ টাকা	৩৪,৭৩৬.০০
৫০০ ”	৫৭,৮৯৪.০০
১০০০ ”	১,১৫,৭৮৭.০০
২০০০ ”	২,৩১,৫৭৪.০০
৩০০০ ”	৩,৪৭,৩৬১.০০
৪০০০ ”	৪,৬৩,১৪৮.০০
৫০০০ ”	৫,৭৮,৯৩৫.০০

৩। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা

আপেক্ষাকালীন সময়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবের স্থিতি লিয়েন রাখিয়া শুধুমাত্র হিসাবধারীর অনুকূলে ঋণ প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে :

- (ক) হিসাবের মেয়াদ কমপক্ষে এক বৎসর পূর্ণ হইতে হইবে।
- (খ) হিসাবের উপর সরল সুদে নির্ণীত স্থিতির সর্বোচ্চ ৯০% ঋণ হিসাবে প্রদানযোগ্য হইবে।
- (গ) ঋণের মেয়াদকাল : সর্বোচ্চ এক বৎসর।

৩। হিসাব খোলা :

- (ক) আঠার বৎসর বা তদুর্ধ্ব এবং সুস্থ মস্তিষ্ক যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে সঞ্চয় স্কিমের আওতায় ব্যাংকের নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে হিসাব খুলিতে পারিবেন।

- (খ) হিসাব খোলার সময় আমানতকারীকে তাহার যথাযথ পরিচিতি প্রদান এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ২(দুই) কপি ছবি প্রদান করিতে হইবে।
- (গ) নাবালক বা নাবালিকার নামে অথবা যুগ্ম নামে এই স্কীমের আওতায় হিসাব খোলা যাইবে না।
- (ঘ) একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় এই স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাইবেনা। পরবর্তীতে এক নামে একাধিক হিসাব খোলার ঘটনা উদঘাটিত হইলে ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের সব কয়টি হিসাব বন্ধ করিয়া দেওয়ার অধিকার সংরক্ষণ করে।
- (ঙ) লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হইতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাইবে।

৪। জমা :

- (ক) প্রত্যেক মাসের ০১ তারিখ হইতে ১০ তারিখের মধ্যে হিসাব খোলা ও মাসিক কিস্তি জমা করিতে হইবে। মাসের ১০(দশ) তারিখ সাপ্তাহিক অথবা সরকারী ছুটির দিন হইলে পরবর্তী কার্যদিবসে কিস্তির অর্থ জমা করা যাইবে।
- (গ) চেকের মাধ্যমেও কিস্তির টাকা জমা করা যাইবে। এই ক্ষেত্রেও সংশ্লিষ্ট মাসের ০১(এক) তারিখ হইতে ১০(দশ) তারিখের মধ্যে হিসাবে জমা হইতে হইবে। স্থিতি স্বল্পতার কারণে জমাকৃত চেকের টাকা পরিশোধিত না হইলে সংশ্লিষ্ট মাসের কিস্তি খেলাপী বলিয়া গণ্য হইবে। চেকের মাধ্যমে জমা প্রদানের ক্ষেত্রে আউট স্টেশন চেক গ্রহণযোগ্য হইবে না।
- (ঘ) গ্রাহক ও ব্যাংকের মধ্যে সমঝোতার ভিত্তিতে এই স্কীমের আওতায় অগ্রিম কিস্তি দেওয়া যাইবে। কিন্তু জমাদানকৃত অগ্রিম কিস্তির উপর সুদ প্রদান করা হইবে না। যেই কিস্তি যেই মাস হইতে প্রাপ্য হইবে সেই মাস হইতে সুদ প্রদান করা হইবে।
- (ঙ) আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকিলে সেই হিসাব হইতে উক্ত স্কীমের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করিতে পারিবেন। স্থায়ী নির্দেশের আলোকে ব্যাংকের অতিরিক্ত কাজের সার্ভিস চার্জ বাবদ প্রতিটি লেনদেন/স্থানান্তরের জন্য ১০(দশ) টাকা হারে কমিশন বাবদ সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাব হইতে আদায় যোগ্য হইবে।

৫। নমিনেশন :

- (ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে তাহার হিসাবের নমিনী নিযুক্ত করিতে পারিবেন। নমিনী/নমিনীগণের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি প্রদান করিতে হইবে।
- (খ) নাবালক বা নাবালিকাকেও নমিনী নিয়োগ করা যাইবে।
- (গ) আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তাহার মনোনয়ন বাতিল করিয়া নতুন নমিনী মনোনয়ন করিতে পারিবেন।
- (ঘ) আমানতকারীর জীবদ্দশায় মনোনীত ব্যক্তির মৃত্যু হইলে পুনরায় নতুন নমিনী মনোনীত করিবেন।
- (ঙ) কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হইবেন।